দৈনিক ইনকিলাব

শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 01 FEB 1989
পৃষ্ঠা 4 কলাম 2

13

৩০

# দক্ষিণ চট্টগ্রামের প্রাথমিক শিক্ষায় বাধা বিপত্তি

দোহাজারী (দক্ষিণ চট্টগ্রাম), ৩১ জানুয়ারী (সংবাদদাতা)।— দক্ষিণ চট্টগ্রামের ৭টি উপজেলার ১৬টি বেসরকারীসহ মোট ৩২৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৭০ হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যত সম্পূর্ণ অনিশ্চিত হয়ে পড়েছে। একদিকে জীর্ণঘর এবং অপরদিকে শিক্ষকের অভাবে লেখাপড়া সুষ্ঠুভাবে হচ্ছে না।

সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে ন্যূনপক্ষে ১২২৬টি শিক্ষকের পদ থাকলেও কর্মরত অবস্থায় শিক্ষক রয়েছেন মাত্র ৬৮৮ জন। ফলে তাদের পক্ষে যথাযথ শিক্ষাদান সম্ভব হচ্ছে না। অন্যদিকে বহুসংখ্যক স্কুলে আসবাবপত্র না থাকায় দু'বেলা স্কুল চালাতে হয়। স্থানীয় জনগণের অর্থ সাহায্যে পরিচালিত বেসরকারী স্কুলগুলোর মধ্যে কয়েকটির বয়স প্রায় ১৫ বছর হলেও সরকার এখনো এগুলোর প্রতি কোন নজর দিচ্ছে না। কোন কোন ক্ষেত্রে উন্নয়নের নামে নানা কারচুপিরও অভিযোগ রয়েছে। দুইটি স্কুল গত বন্যায় নদীগর্ভে বিলীন হয়েছে।

স্কুল ভবনগুলো শুধু জীর্ণশীর্ণ নয়, স্কুলগুলোতে প্রয়োজনীয় আসবাবপত্রও নেই, টয়লেট নেই, নলকূপ নেই, এখনোও পর্যন্ত কোন বই সরবরাহ হয়নি। ফলে দক্ষিণ চট্টগ্রামের ৭টি উপজেলায় প্রাথমিক শিক্ষা দারুণভাবে ব্যাহত হয়ে পড়েছে।